# বইটির কিছু অংশ পড়ুন।

# Secrets of the **Infinitive**

---By S M Zakir Hussain
(*Author of more than 350 books reaching millions of readers worldwide*)

**Read this book only *once* and throw it away!**

**Game over in *1 Day*!**

**বইটি মাত্র এক বার পড়ে ফেলে দিন।**

**A must read for learners of English.**

SM Zakir Hussain

**Price: 30 BDT.**

***প্রথম সংস্করণঃ*** *নভেম্বর, ২০২৫*

***প্রকাশকঃ*** *ThinkingClub এর পক্ষে এস এম জাকির হুসাইন*

***বর্ণবিন্যাস এবং অলংকরণঃ*** *ThinkingClub Publications Department*

***ওয়েবসাইটঃ*** *www.thinkingclub.com.bd*

***ফেসবুক গ্রুপঃ*** *Learn English with Experts (https://www.facebook.com/groups/apttel/)*

***কপিরাইটঃ*** *এস এম জাকির হুসাইন*

যোগাযোগঃ

PhilWriterSMZH@gmail.com

***Hello***: 01714-688-699

SMZakirHussain

# Secrets of the **Infinitive**

## বলুন তো ?

**ক্রিয়া + তে → যেমন করতে** = to do

তা সত্ত্বেও করতে পারি = can to do নয় কেনো?

He wanted ***to*** really ***hurt*** you – এখানে to + Verb এর মাঝে অন্য একটা শব্দ বসার ফলে এই ইনফিনিটিভকে কী বলে আখ্যায়িত করা হয়?

To be + V-ing কে কোন ধরণের ইনফিনিটিভ বলা হয় এবং এটা কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?

To be + V-pp কে কোন ধরণের ইনফিনিটিভ বলা হয় এবং এটা কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?

To have + V-pp কে কোন ধরণের ইনফিনিটিভ বলা হয় এবং এটা কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?

To have  been+ V-ing কে কোন ধরণের ইনফিনিটিভ বলা হয় এবং এটা কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?

To have  been+ V-pp কে কোন ধরণের ইনফিনিটিভ বলা হয় এবং এটা কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?

I couldn't do it but I tried ***to***. – এখানে শেষের to কি **Infinitive** গঠন করার জন্য? এটা কেনো এভাবে ব্যবহৃত হলো?

SMZakirHusain

easy ***to do*** – এই জাতীয় ক্ষেত্রে Adjective এর পর কেনো **Infinitive** বসে? কী কী ধরণের অর্থ প্রদানের জন্য এভাবে তা ব্যবহৃত হয়?

am/is/are/was/were + ***to do*** – এভাবে ব্যবহৃত হলে **Infinitive** বিশেষ কোন ধরণের অর্থ দেয়?

To do something – এই জাতীয় কোনো **Infinitive Phrase** কিভাবে সাবজেক্ট অথবা অবজেক্ট বা কমপ্লিমেন্ট হিসেবে ব্যবহৃত হয়?

I know what I should do বাক্যটাকে I know ***what to do*** – আকারে কেনো প্রকাশ করা যায় এবং এই ধরণের **Infinitive** এর নাম কী?

---

→ ইংরেজিতে মনের ভাব প্রকাশের ক্ষেত্রে **Infinitive** হলো Tense এর চেয়েও একটি শক্তিশালী সম্ভাবনার জায়গা। কিন্তু **Infinitive** একটা ঝামেলার জায়গাও বটে। যেমন, Verb এর আগে ***to*** বসিয়ে **Infinitive** গঠন করা হয়, আবার তা সেখানে নাও বসতে পারে। তাছাড়া ***to*** + Verb-ing কোনো **Infinitive** গঠন করে না। তেমনি, Noun / Pronoun এর আগে ***to*** বসালেও **Infinitive** গঠিত হয় না।

***to*** দুইটি কাজে ব্যবহৃত হয়:

► – Full **Infinitive** গঠনে এবং **Preposition** হিসেবে।

► **Infinitive** গঠনের সময়ে ***to*** +verb(base form - মূল রূপ) এভাবে শব্দগুচ্ছ গঠিত হয়। আর ***to*** যখন **Preposition** হিসেবে ব্যবহৃত হয় তখন ***to*** + noun / noun equivalent এভাবে phrase গঠিত হয়।

SMZakirHussain

► অনেকে প্রশ্ন করে – looking forward ***to*** hearing from you এই জাতীয় বাক্যে ***to*** এর পর verb এর base form না বসে ing form কেন বসল?

► আসলে এই প্রশ্নটা করার সময়ে প্রশ্নকারী ধরে নেয় যে এখানে ***to*** ব্যবহৃত হয়েছে **Infinitive** এর ***to*** এর মতো । কিন্তু এখানে ***to*** ব্যবহৃত হয়েছে **Preposition** হিসেবে। অর্থাৎ প্রশ্নের দৃষ্টিকোণ অনুযায়ী এই প্রশ্নটাই একটি ভুল প্রশ্ন। এবার এই উদাহরণগুলি পড়ুন।

■ এ বার শূন্যস্থান পূরণ করুন। যেখানে ***to*** **Preposition** হিসেবে ব্যবহৃত হয়েছে সেখানে (1) এবং যেখানে তা **Infinitive** হিসেবে ব্যবহৃত হয়েছে সেখানে (2) লিখুন।

**Examples:**

a) Please give it ***to*** me. [Prepo/Inf? ]

b) I am senior ***to*** you. [এখানে ***to*** than] [Prepo/Inf? ]

c) Owing ***to*** heavy rainfall, we postponed going there. [Prepo/Inf? ]

d) We are looking forward ***to*** hearing from you. [আমরা আপনাদের কাছ থেকে শোনার জন্য আগ্রহভরে অপেক্ষায় আছি।] [Prepo/Inf? ]

e) It's difficult for me ***to*** solve this problem. [Prepo/Inf? ]

f) ***to*** err is human. [মানুষের ভুল হয় ই।] [Prepo/Inf? ]

g) This luggage is ***too*** heavy for me ***to*** carry. [বোঝাটা এত ভারি যে আমি তা বইতে পারি না।] [Prepo/Inf? ]

SMZakirHussain

h) I want you ***to*** go there with me. [আমি চাই যে তুমি সেখানে যাও।] [Prepo/Inf? ]

i) It's nice ***to*** work with you. [আপনার সাথে কাজ করা আনন্দের ব্যাপার।] [Prepo/Inf? ]

j) He objected ***to*** my going there. [তিনি আমার সেখানে যাওয়ার ব্যাপারে আপত্তি করলেন।] [Prepo/Inf? ]

শুধু এই ইশ্যু নয়, **Infinitive** এর Tense ও রয়েছে! যেমনঃ

→ - - - ***to do***
→ - - ***to be*** doing
→ - - ***to have*** done
→ - - ***to have*** been doing
→ ইত্যাদি।

এবং এখানেই কি শেষ? না। বরং কোন ধরনের অর্থ প্রকাশ করার জন্য Verb এর সাথে বা Adjective এর সাথে বা Adverb এর সাথে বা WH-Word এর সাথে কখন কিভাবে **Infinitive** ব্যবহৃত হয় তার ও নিয়ম রয়েছে।

এই সব বিষয় একই তত্ত্বীয় আলোচনার মাধ্যমে শেখা হয় না বলে আমাদের দেশের শিক্ষার্থীদের মধ্যে **Infinitive** এর পরিশীলিত ও মসৃণ ব্যবহার তেমন চোখে পড়ে না। জেনে অবাক হওয়ার কিছু নেই যে, **Infinitive** এর সফল ও বিদ্যাদীপ্ত ব্যবহার ছাড়া ইংরেজিকে পাকাপোক্ত ও নেটিভ স্বভাবের করে তোলা সম্ভব নয়।

এ বার কিছু বিশেষ নিয়ম সহজ উপায়ে দেখে নেয়া যাক, যা আমাদের পরবর্তী পদ্ধতিগত আলোচনাকে সহজে আয়ত্ত করতে সাহায্য করবে।

SMZakirHussain

▶ 1) (be)(inf). . . {নৈমিত্তিক দায়িত্ব বোঝাতে}

I am. . . . . . there once a week.

আমাকে সেখানে সপ্তাহে এক বার যেতে হয়।. . . শূন্যস্থানে কী হবে?

▶ 2) (have)(inf). . . {বিশেষ কোনো কর্তব্য বোঝাতে}

We. . . . . . now. Or else we will be late.

এখন আমাদেরকে যেতে হবে। নইলে আমাদের দেরি হয়ে যাবে।. . . শূন্যস্থানে কী হবে?

▶ 3) (intention verb) (inf). . . . . . { উদ্দেশ্য বোঝাতে}

He wants. . . see you.

তিনি তোমার সাথে দেখা করতে চান।. . . শূন্যস্থানে কী হবে?

I would like. . . . . . . . . him.

আমি তার সাথে কথা বলতে চাচ্ছিলাম।. . . শূন্যস্থানে কী হবে?

▶ 4) (it) (be) (adj) (inf). . . {বিচার-বিশ্লেষণ প্রকাশ করতে}

It is important. . . . . . our investment now.

এখন আমাদের বিনিয়োগ নিয়ন্ত্রণ করা গুরুত্বপূর্ণ।. . . শূন্যস্থানে কী হবে?

▶ 5) (be) (adv of place) (inf). . . {উদ্দেশ্য বোঝাতে}

I am here. . . . . . you.

আমি এখানে এসেছি তোমাকে/তোমাদেরকে সাহায্য করার জন্য।. . . শূন্যস্থানে কী হবে?

▶ 6) (have)(something etc)(inf). . . {উদ্দেশ্য }



SMZakirHussain

I have something. . . tell you.

7) (be) (possessive) (duty etc) (inf). . . { দায়িত্ব বোঝাতে}

It is my responsibility. . . . . . . . . on important matters.

আমার দায়িত্ব হলো গুরুত্বপূর্ণ বিষয়ে তোমাকে উপদেশ দেয়া।

যা হোক, কোন শূন্যস্থানে কী বসবে - এই ভাবনার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হলো সেখানে তা <<. . . ***কেনো***. . . >> বসবে, কারণ আরো অনেক রীতি রয়েছে যা আমরা দেখবো ইনশা আল্লাহ এবং এমন জটিল ও গভীর ভাব প্রকাশের জন্য **Infinitive** ব্যবহৃত হয় যা আমরা এখনও দেখি নি।

পরবর্তী আলোচনা যেন অত্যন্ত সহজবোধ্য হয় সে উদ্দেশ্যে আমরা যা দেখলাম এবং দেখব তার সামারি বা সারসংক্ষেপ এর ওপর চোখ বুলিয়ে নেই।

সব নিয়ম উদাহরণ সহকারে দেখার পরে আমরা একটা মজার কাজ করব!

আমরা আর্টিফিশ্যাল ইনটেলিজেন্স ব্যবহার করে সরাসরি এই App এর সাথে ইনটার্যাক্ট করার মাধ্যমে যাবতীয় নিয়ম প্রয়োগের জন্য সক্রিয়ভাবে বাক্য গঠন করব যেন শেখা নিয়ম সাথে সাথে দক্ষতায় রূপান্তরিত হয় এবং আপনি তখনই আপনার জ্ঞানকে বাস্তব জীবনে ব্যবহার করতে পারেন। App এর ইনটেলিজেন্স আমাদেরকে প্রতিনিয়ত সামনে পথ দেখাবে।

দেখুনঃ

■ V + **Infinitive** এভাবে শব্দগুচ্ছ গঠিত হয় কিন্তু সব Verb এর সাথে নয়। . . কিন্তু কেন?

SMZakirHussain

■ Adj + **Infinitive** এভাবে শব্দগুচ্ছ গঠিত হয় কিন্তু সব Adjective এর সাথে নয়।. . . কিন্তু কেন?

■ Be + **Infinitive** এভাবে Be এর সাথে যখন **Infinitive** ব্যবহৃত হয় তখন কী অর্থ প্রদান করে?

■ একটা প্রচ্ছন্ন Comparison বা তুলনা প্রকাশের জন্য **Infinitive** ব্যবহৃত হয় তবে সব ধরনের তুলনা প্রকাশের ক্ষেত্রে তা ব্যবহৃত হয় না কেন?

■ কতভাবে এবং কী অর্থে WH-Word এর সাথে **Infinitive** ব্যবহৃত হয়?

■ Noun Phrase এর Post-Modifier হিসেবে **Infinitive** কী অর্থে ব্যবহৃত হয়?

■ Bare **Infinitive** কী এবং কোন ক্ষেত্রে তা ব্যবহৃত হয়?

■ **Infinitive** কখন একটি Clause এর পরিবর্তে ব্যবহৃত হতে পারে?

■ **Infinitive** কখন নিজেই একটি Clause এর রূপ নেয়?

■ **Infinitive** বাক্যের কোন কোন উপাদান হিসেবে ব্যবহৃত হয়?

এ বার তাহলে একেবারে গোড়া থেকে সূত্রগুলি দেখে নেয়া যাক।

■ উদ্দেশ্য-প্রকাশক ক্রিয়াপদ + **Infinitive** অর্থাৎ V + Inf(Purpose)

→ want ***to do*** - - - - - - - - - - - - - - -
→ plan ***to do*** - - - - - - - - - - - - - - -
→ decide ***to do*** - - - - - - - - - - - -
→ desire ***to do*** - - - - - - - - - - - - -

SMZakirHussain

→ eat ***to do*** - - - - - - - - - - - - - - - - -
→ save. . . ***to do*** - - - - - - - - - - - -

| I wanted ***to*** go there but he didn't let me.
| We are planning ***to*** buy this piece of land.
| She has decided ***not to*** marry you.
| If you desire ***to be*** happy, you ***must*** know ***how to be*** satisfied.
| We eat ***to*** live and we don't live ***to*** eat.
| People save money ***to*** spend it in the future.

একটু লক্ষ করুন। আমরা বলি
→ read ***to*** learn
→ কিন্তু আমরা বলি নাঃ know ***to*** learn

কারণ এই স্ট্রাকচারে শব্দ নির্বাচিত হয় এভাবেঃ

→ **Means + Purpose**
→ উপায় + উদ্দেশ্য

আর এ কারণে সব ধরণের ক্রিয়াপদের সংযোগে এই স্ট্রাকচার গঠিত হয় না।

তাহলে অধিক অগ্রসর হওয়ার আগে একটু চর্চা করা যাক। শূন্যস্থান পূরণ করুনঃ

1)) He intends. . . ***to*** her for marriage next week.
2)) We expect. . . from you very soon about it.
3)) They have come here. . . some information about that event.
4)) He wants you. . . friends with him because he needs your help.

SMZakirHussain

5)) Most people work. . . fulfill their personal dreams.

6)) I will get him. . . for me. (আমি তাকে দিয়ে আমার কাজ করিয়ে নেবো)

7)) I was made. . . by him. (আমাকে দিয়ে তিনি কাজ করিয়ে নিয়েছিলেন।)

8)) He stopped. . . me the story. (সে আমাকে গল্পটা বলার জন্য থামলো)

9)) At last we planned. . . there ***to*** rescue them. (অবশেষে তাদেরকে উদ্ধার করার জন্য আমরা সেখানে যাওয়ার পরিকল্পনা করেছিলাম।)

10)) This speech was delivered. . . the people. (জনগণকে অনুপ্রাণিত করার জন্য এই বক্তব্য দেয়া হয়েছিল।)

11)) I would like. . . a request unto you. (আমি আপনাকে একটা অনুরোধ করতে চাচ্ছিলাম।)

এ বার নিচের বাক্যগুলির ওপর এক বার চোখ বুলিয়ে নেয়া যাকঃ

1)) He intends << ***to*** propose >> ***to*** her for marriage next week.

2)) We expect << ***to*** hear >> from you very soon about it.

3)) They have come here << ***to*** collect >> some information about that event ( ঘটনা).

4)) He wants you << ***to*** make >> friends with him because he needs your help.

5)) Most people work << ***to*** >> fulfill their personal dreams.

6)) I will get him << ***to*** work >> for me. (আমি তাকে দিয়ে আমার কাজ করিয়ে নেবো)

SMZakirHussain

7)) I was made << ***to*** work >> by him. (আমাকে দিয়ে তিনি কাজ করিয়ে নিয়েছিলেন।)

8)) He stopped << ***to*** tell >> me the story. (সে আমাকে গল্পটা বলার জন্য থামলো)

9)) At last we planned << ***to*** go >> there ***to*** rescue them. (অবশেষে তাদেরকে উদ্ধার করার জন্য আমরা সেখানে যাওয়ার পরিকল্পনা করেছিলাম।)

10)) This speech was delivered << ***to*** inspire >> the people. (জনগণকে অনুপ্রাণিত করার জন্য এই বক্তব্য দেয়া হয়েছিল।)

11)) I would like << ***to*** make >> a request unto you. (আমি আপনাকে একটা অনুরোধ করতে চাচ্ছিলাম।)

## Adjective + Infinitive কী অর্থ দেয়-১?

1)) ||---একটু তুলনার মাধ্যমে বিষয়টি বোঝা যাক।

2)) V + Inf এ প্রথম V উপায় এবং Inf এর V উদ্দেশ্য হিসেবে কাজ করে। যেমনঃ

3)) He reads [ উপায় ] books ***to*** learn [ উদ্দেশ্য] things.

4)) We sleep [ উপায় ] ***to*** take rest [ উদ্দেশ্য ].

5)) ||---কিন্তু V যদি নিজেই উদ্দেশ্যবাচক হয় তাহলে উপায় তার পরে বসে এবং তার পরে আরও একটি উদ্দেশ্যবাচক Inf বসতে পারে।

6)) ||---এরূপ কিছু V হলো want, desire, expect, plan, attempt, try, like etc.

7)) যেমনঃ

8)) He wants ***to*** read this book.

SMZakirHussain

9)) ||---এখানে ***to*** read হলো প্রাথমিক উদ্দেশ্য বা পরবর্তী উদ্দেশ্যের উপায়। কারণ এর পরে আরো একটি **Infinitive** বসতে পারে, যেমনঃ

10)) He wants ***to*** read this book ***to*** learn [ উদ্দেশ্য ] about our country.

11)) ||---এভাবে পরের বাক্যগুলি দেখুনঃ

12)) We desire ***to*** open a shop here.

13)) We desire ***to*** open a shop here ***to*** extend [ Purpose ] ( সম্প্রসারিত করা) our business.

14)) She expects ( আশা করে) you ***to*** visit us someday ( কোনো এক দিন).

15)) She expects you ***to*** visit us someday ***to*** observe [ Purpose ] the affairs here.

16)) They are planning ***to*** move away from here.

17)) They are planning ***to*** move away from here ***to*** stay [ Purpose ] safe. [[move away - অন্যত্র সরে যাওয়া; stay safe - নিরাপদ থাকা]]

18)) He attempted ***to*** kill the snakes.

19)) He attempted ( tried) ***to*** kill the snakes ***to*** save [ Purpose ] his children but he himself got killed.

20)) The fox tried ***to*** catch the mouse.

21)) The fox tried ***to*** catch the mouse ***to*** kill [ Purpose ] it.

22)) We like ***to*** make things simple for you.

23)) We like ***to*** make things simple for you ***to*** help [ Purpose ] you succeed.

## Adjective + **Infinitive** কী অর্থ দেয়-২?

■ -----কিন্তু Adj + Inf স্ট্রাকচারেঃ

■ -----Adj - - - Result [ ফল ]

■ -----Inf - - - Cause [ কারণ ]

SWZakirHussain

যেমনঃ

1)). . . happy ***to*** see. . .
2)). . . happy [ Result ] ***to*** see [ Cause ]. . .
3)). . . nice ***to*** meet. . .
4)). . . nice [ Result ] ***to*** meet [ Cause ]. . .
5)). . . pleased ***to*** announce. . .
6)). . . pleased [ Result ] ***to*** announce [ Cause ]. . .
7)). . . interesting ***to*** note that. . .
8)). . . interesting [ Result ] ***to*** note [ Cause ] that. . .
9)). . . pleased ***to*** hear. . .
10)). . . pleased [ Result ] ***to*** hear [ Cause ]. . .
11)). . . profitable ***to*** invest. . .
12)). . . profitable [ Result ] ***to*** invest [ Cause ]. . .
13)). . . harmful ***to*** take this medicine
14)). . . harmful [ Result ] ***to*** take [ Cause ] this medicine
15)). . . risky ***to do*** it without tools
16)). . . risky [ Result ] ***to do*** it [ Cause ] without tools
17)). . . problematic ***to*** deal with such people
18)). . . problematic [ Result ] ***to*** deal [ Cause ] with such people

■ কিন্তু Verb এর ক্ষেত্রে যেমন দেখেছি, কিছু Adjective আছে যেগুলো মনের উদ্দেশ্যবাচক, ফলে সেগুলোর পর ব্যবহৃত **Infinitive** কোনো Result প্রকাশ না করে বরং উদ্দেশ্য / উপায় প্রকাশ করে।

■ উপায় বলা হচ্ছে এ কারণে যে উপায় প্রকাশক Inf কে উদ্দেশ্য হিসেবে বিবেচনা করা গেলেও তার পর আরও একটা Inf বসে উদ্দেশ্য প্রকাশ করতে পারে।

■ যেমনঃ

SMZakirHussain

1)) eager ( ঈগার - আগ্রহী), ready, determined (প্রতিজ্ঞাবদ্ধ), anxious (অত্যন্ত আগ্রহী)

2)) He is very eager ***to*** make friends with you.

3)) Are you ready ***to*** work with us?

4)) They are determined ***to*** win this time.

5)) She is anxious ***to*** meet you.

**Infinitive** কে Gerund [V-ing Noun] এ রূপান্তরঃ

→ মূলত যেক্ষেত্রে Be + Adj রয়েছে সেক্ষেত্রে নিচের রূপান্তরগুলি সহজেই ঘটতে পারেঃ

1)) It is easy ***to do*** that.

2)) Doing that is easy. || Doing that easy.

3)) It is difficult ***to*** catch that bird.

4)) Catching that bird is difficult.

5)) It is good ***to be*** with you.

6)) Being with you is good.

7)) It is ***not*** my duty ***to*** help you.

8)) ***to*** help you is ***not*** my duty.

9)) Helping you is ***not*** my duty.

**Infinitive** এর জায়গায় Clause এর ব্যবহারঃ

বিশেষ করে দায়িত্ব বা 'উচিত' অর্থ প্রকাশক V এর ক্ষেত্রে এই রূপান্তর খুবই প্রথাসিদ্ধ। যেমনঃ

1)) It is obligatory ***to*** come ***to*** office in the proper uniform.

2)) It is obligatory that you / he / they come ***to*** office in the proper uniform [Subjunctive].

3)) He is expected ***to*** come today.

4)) It is expected that he will come today.

5)) He seems ***to*** know a lot about it.

6)) It seems that he knows a lot about it.

7)) He is ***too*** weak ***to*** walk.

8)) He is so weak that he can't walk.

9)) It is mandatory ***to*** bring all the books ***to*** class.

10)) It is mandatory that students bring all the books ***to*** class. [Subjunctive]

11)) Nothing ***is to be*** done about it at the moment.

12)) There is nothing that we ***have to do*** about it at the moment.

13)) Who ***is to be*** helped?

14)) Whom should we help? / Who is it that we should help?

**Infinitive** এবং Sensory Verb

এটা হলো **Infinitive** ব্যবহারের খুব সুন্দর একটা জায়গা। Sensory Verb এবং একই জাতীয় কিছু Verb এর সাথে এই কন্সট্রাকশন অত্যন্ত বেশি ব্যবহৃত হয়।

■ SENSORY ans similar VERBS: seem, appear, consider, think, believe, accept

1) It seems that he is a student of this college.
He seems ***to be*** a student of this college.
2) It seems that he know a lot about it.
3) It seems that he is coming toward us.
He seems ***to be*** coming towards us.
4) It seems that he has already done it.
He seems ***to have*** already done it.
5) It seems that he has been waiting there still now.
He seems ***to have*** been waiting there still now.
6) It seemed that he was ill.
He seemed ***to be*** ill.
7) It seemed that he had done it.
He seemed ***to have*** done it.
8) It appears that he is a student of this college.
He appears ***to be*** a student of this college.

SMZakirHussain

9) It appears that he know a lot about it.
He appears ***to*** know a lot about it.
10) It appears that he is coming toward us.
He appears ***to be*** coming towards us.
11) It appears that he has already done it.
He appears ***to have*** already done it.
12) It appears that he has been waiting there still now.
He appears ***to have*** been waiting there still now.
13) It appeared that he was ill.
He appeared ***to be*** ill.
14) It appeared that he had done it.
He appeared ***to have*** done it.

Be + **Infinitive** কী অর্থ দেয়-১

খেয়াল করতে হবেঃ আমরা - - - Be + Adj + Inf - - - এর কথা বলছি না; বরং আমরা বলছি - - - Be + Inf - - - এর কথা।

Be + Inf এর কিছু উদাহরণঃ

. . . am ***to*** go. . .
→ . . . ***is to*** go. . .
→ . . . ***are to*** go. . .
→ . . . ***was to*** go. . .
→ . . . ***were to*** go. . .
→ . . . am ***not to*** go. . .
→ . . . is ***not to*** go. . . etc.

নৈমিত্তিক দায়িত্ব প্রকাশ করার জন্য এই স্ট্রাকচার ব্যবহৃত হয়। এখানে উপায়-উদ্দেশ্য জাতীয় কোনো প্রসংগ নেই। সেই প্রসঙ্গ আসে কেবল তখন যখন বামে অন্য কোনো V বা Adj থাকে।

উদাহরণ দেখা যাকঃ

SMZakirHussain

1)) I am ***to*** go there every week. (প্রতি সপ্তাহে আমাকে সেখানে যেতে হয়।)

2)) I am ***not to do*** any hard work in this factory. (এই কারখানায় আমাকে কোনো কঠিন কাজ করতে হয় না।)

3)) Though I didn't like ***to*** study at all, I ***was to*** attend school regularly ***to*** receive the stipend money.

Click for PAGE-20

txtPage19

Click for PAGE-20)

***((আংশিক))***

সম্পুর্ণ বইটির পিডিএফ সংগ্রহের জন্য ভিজিট করুনঃ

***ওয়েবসাইটঃ*** *www.thinkingclub.com.bd*

SMZakirHussain